

ভাষা

তারিখ
পৃষ্ঠা	২
কলাম	৩

24 2002

সিলেট শহীদ মিনারে ভেটেরিনারি শিক্ষার্থীদের আমরণ অনশন চলছে

সিলেট অফিস : সিলেট সরকারি ভেটেরিনারি কলেজের বর্ষিক ফি প্রত্যাহারের দাবিতে ছাত্রছাত্রীদের আমরণ অনশনের গতকাল শুক্রবার ২য় দিন অতিবাহিত হয়েছে। অনশন চলাকালে সুমন, পলাশ, নৌরজ, আতন, মেহেদী নামের কজন ছাত্র গতকাল অসুস্থ হয়ে পড়লে তাদেরকে স্যালাইন দেওয়া হয়।

সিলেট কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে প্রায় ২০০ ছাত্রছাত্রী খেলা আকাশের নিচে রোদ-বৃষ্টির মাঝেই অনশন করছে। গতকাল ভেটেরিনারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ লিয়াকত আলী অনশনরত ছাত্রছাত্রীদের দেখতে আসলেও কোনো ধরনের আশ্বাস না দিয়েই চলে যান।